SRI SRI KAIBALYADHAM

শ্রীশ্রী কৈবল্যধাম
পাহাড়তলী, চট্টগ্রাম- ৪২০৭
বাংলাদেশ।

১০-১৫.০৭.২০২৩ইং

প্রতিঃ

শ্রী বিশ্বনাথ চক্রবর্তী,
শ্রীশ্রী সত্যনারায়ণের সেবা মন্দির,
গ্রামঃ ডিঙ্গামানিক, পোঃ ডিঙ্গামানিক,
থানাঃ নড়িয়া, জেলাঃ শরীয়তপুর,
বাংলাদেশী।

বিষয়ঃ শ্রীশ্রী ঠাকুরের স্মৃতি বিজড়িত ঐতিহাসিক সাধনপীঠ ধ্বংস করায় কৈফিয়ত তলবপত্র।

আপনি নিশ্চয় অবহিত আছেন যে,

শ্রীশ্রী ঠাকুরের আদেশ ও নির্দেশ অনুসারে শ্রীশ্রী কৈবল্যনাথের দ্বিতীয় মোহন্ত মহারাজ শ্রীমৎ শ্যামাচরন চট্টোপ্যাধায় মহাশয় শ্রীশ্রী সত্যনারায়ণের সেবা মন্দির এর ভিত্তিপ্রস্তর স্থাপন, শ্রীশ্রী ঠাকুরের শ্রীপাট স্থাপন সহ উক্ত মন্দির প্রতিষ্ঠা করিয়াছেন। উক্ত সত্যনারায়ণের সেবা মন্দিরের যাবতীয় স্থাবর ও অস্থাবর দেবোত্তর সম্পত্তির শাসন-সংরক্ষণ, তত্ত্বাবধান, দেখভাল, রক্ষণা-বেক্ষণ ইত্যাদি তাবৎ কার্য শ্রীশ্রী কৈবল্যনাথ এর মোহন্ত মহারাজের উপর অর্পিত, যাহা শ্রীশ্রী কৈবল্যনাথের দ্বিতীয় মোহন্ত মহারাজ কর্তৃক বিগত ২২/০২/১৯৫২ ইং সনে সৃষ্ট রেজিস্ট্রার্ড ট্রাস্ট দলিলে উল্লেখিত আছে। আপনি ইহাও অবহিত আছেন যে, শ্রীশ্রী সত্যনারায়ণের সেবা মন্দির এর পূর্বতন সেবায়েত শ্রী গিরিন্দ্র চন্দ্র চক্রবর্তী শ্রীশ্রী কৈবল্যধাম বোর্ড অব ট্রাস্টিজ এর একজন ট্রাস্টী ছিলেন এবং উনার প্রয়ানের পর যথাক্রমে- শ্রী মহেন্দ্র চক্রবর্তী, শ্রী সুনীল চক্রবর্তী এবং শ্রী কালী প্রসাদ চক্রবর্তী প্রমূখগণ শ্রীশ্রী কৈবল্যধাম বোর্ড এর ট্রাস্টী ছিলেন। শ্রীশ্রী কৈবল্যধামের ১৯৫২ ইং সনের ট্রাস্ট এবং তৎপরবর্তীতে শ্রীশ্রী কৈবল্যনাথের ৪র্থ মোহন্ত মহারাজ কর্তৃক আদালত এর মাধ্যমে ডিক্রিকৃত ট্রাস্ট যাহা বাংলাদেশ সুপ্রীম কোর্ট এর আপীল বিভাগ কর্তৃক স্বীকৃত ও অনুমোদিত। শ্রীশ্রী সত্যনারায়ণের সেবা মন্দির, ডিঙ্গামানিক, নড়িয়া, শরীয়তপুর শ্রীশ্রী কৈবল্যধাম বোর্ড অব ট্রাস্টিজ একটি অঙ্গ প্রতিষ্ঠান ও ইউনিট হয়।

উল্লেখ্য যে, শ্রীশ্রী ঠাকুর কৈবল্যনাথ তথা শ্রীশ্রী সত্যনারায়ণের স্মৃতি বিজড়িত প্রায় ৪০০ বৎসরের ঐতিহাসিক স্থাপনা যাহা সামগ্র রাম সম্রাজ্যের কোটি কোটি আশ্রিত, ভক্ত অনুরাগীবৃন্দের পরম পবিত্র তীর্থস্থান যাহা শ্রীশ্রী ঠাকুরের সাধনপীঠ হিসাবে সকল রাম আশ্রিতের নিকট পুজিত এক আধ্যাত্মিক সাধনপীঠরূপে এই যাবতকাল স্থিত ছিল এবং উক্ত সাধনপীঠ সংস্কারের জন্য বহু রাম আশ্রিত লক্ষ লক্ষ টাকা অনুদান প্রদান করিয়াছে। পরিচালনা কমিটির সিদ্ধান্ত ছিল যে, উক্ত ঐহাসিক আধ্যাত্মিক স্থাপনা সংস্কারের মাধ্যমে সংরক্ষণ করা এবং আশ্রিত ও ভক্তগণের শ্রদ্ধা প্রদর্শন, দর্শন

Phone: 0243151587
Mobile: 018 100-86-500
E-mail: srisrikaibalyadhambd@gmail.com
Web: www.srisrikaibalyadham.org
Facebook: /kaibalyadham

SRI SRI KAIBALYADHAM

শ্রীশ্রী কৈবল্যধাম
পাহাড়তলী, চট্টগ্রাম- ৪২০৭
বাংলাদেশ।


সমুন্নত রাখার কার্যকর ব্যবস্থা গ্রহণ করা। কিন্তু আপনি/ আপনারা শ্রীশ্রী কৈবলনাথের বর্তমান মোহন্ত মহারাজ ও শ্রীশ্রী কৈবল্যধাম বোর্ড অব ট্রাস্টীজ এর কোনরূপ কোন অনুমতি ব্যতিরেকে সম্পূর্ণ বিদ্বেষ প্রসূতভাবে একক সিদ্ধান্তে গায়ের জোরে শ্রীশ্রী ঠাকুরের সাধনপীঠ বুলডাজার দিয়ে ভাংগিয়া ক্ষমার অযোগ্য মহা অপরাধ কার্য করিয়াছেন, যাহা আপনার/ আপনাদের মন্দ উদ্দেশ্য, স্বেচ্ছাচারিতা, ঈর্ষার ফলশ্রুতি স্বরূপ গুরুতর ফৌজদারী অপরাধমূলক কার্য হয়।

এই প্রেক্ষিতে আপনার এহেন অপরাধমূলক কার্যের জন্য কেন আপনার বিরুদ্ধে উপযুক্ত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে না তৎ বিষয়ে অত্র কৈফিয়ত তলবপত্র পাওয়ার ১০ (দশ) দিনের মধ্যে ব্যাখ্যা প্রদানের জন্য অত্র ব্যাখ্যাপত্র প্রেরণ করা হইল। আপনার কৈফিয়ত সন্তোষজনক প্রতীয়মান না হইলে উক্ত ক্ষেত্রে শ্রীশ্রী কৈবল্যধাম বোর্ড অব ট্রাস্টীজ আপনার বিরুদ্ধে যথাযথ ফৌজদারী আইনগত ব্যবস্থা গ্রহণে বাধ্য হইবে।

শ্রীশ্রী কৈবল্যধাম বোর্ড
অব ট্রাস্টীজ পক্ষে-
সম্পাদক
15-09-2026


Phone: 0243151587
Mobile: 018 100-86-500
E-mail: srisrikaibalyadhambd@gmail.com
Web: www.srisrikaibalyadham.org
Facebook: /kaibalyadham

SRI SRI KAIBALYADHAM

শ্রীশ্রী কৈবল্যধাম
পাহাড়তলী, চট্টগ্রাম- ৪২০৭
বাংলাদেশ।

প্রতিঃ

শ্রী সুভাষ চক্রবর্তী,
প্রধান আশ্রমিক/সেবায়েত (ভারপ্রাপ্ত)
শ্রীশ্রী সত্যনারায়ণের সেবা মন্দির,
গ্রাম: ডিঙ্গামানিক, পো: ডিঙ্গামানিক,
থানা: নড়িয়া, জেলা: শরীয়তপুর,
বাংলাদেশ।

তাং- ১১.০৭.২০২৩ ইং

বিষয়ঃ **শ্রীশ্রী ঠাকুরের স্মৃতি বিজড়িত ঐতিহাসিক সাধনপীঠ ধ্বংস করায় কৈফিয়ত তলবপত্র।**

আপনি নিশ্চয় অবহিত আছেন যে,

শ্রীশ্রী ঠাকুরের আদেশ ও নির্দেশ অনুসারে শ্রীশ্রী কৈবল্যনাথের দ্বিতীয় মোহন্ত মহারাজ শ্রীমৎ শ্যামাচরন চট্টোপ্যাধায় মহাশয় শ্রীশ্রী সত্যনারায়ণের সেবা মন্দির এর ভিত্তিপ্রস্তর স্থাপন, শ্রীশ্রী ঠাকুরের শ্রীপট স্থাপন সহ উক্ত মন্দির প্রতিষ্ঠা করিয়াছেন। উক্ত সত্যনারায়ণের সেবা মন্দিরের যাবতীয় স্থাবর ও অস্থাবর দেবোত্তর সম্পত্তির শাসন-সংরক্ষণ, তত্ত্বাবধান, দেখভাল, রক্ষণা-বেক্ষণ ইত্যাদি তাবৎ কার্য শ্রীশ্রী কৈবল্যনাথ এর মোহন্ত মহারাজের উপর অর্পিত, যাহা শ্রীশ্রী কৈবল্যনাথের দ্বিতীয় মোহন্ত মহারাজ কর্তৃক বিগত ২২/০২/১৯৫২ ইং সনে সৃষ্ট রেজিস্ট্রার্ড ট্রাস্ট দলিলে উল্লেখিত আছে। আপনি ইহাও অবহিত আছেন যে, শ্রীশ্রী সত্যনারায়ণের সেবা মন্দির এর পূর্বতন সেবায়েত শ্রী গিরিন্দ্র চন্দ্র চক্রবর্তী, শ্রীশ্রী কৈবল্যধাম বোর্ড অব ট্রাস্টিজ এর একজন ট্রাস্টী ছিলেন এবং উনার প্রয়ানের পর যথাক্রমে- শ্রী মহেন্দ্র চক্রবর্তী, শ্রী সুনীল চক্রবর্তী এবং শ্রী কালী প্রসাদ চক্রবর্তী প্রমূখগণ শ্রীশ্রী কৈবল্যধাম বোর্ড অব ট্রাষ্টীজ এর ট্রাস্টী ছিলেন। শ্রীশ্রী কৈবল্যধামের ১৯৫২ ইং সনের ট্রাস্ট এবং তৎপরবর্তীতে শ্রীশ্রী কৈবল্যনাথের ৪র্থ মোহন্ত মহারাজ কর্তৃক আদালত এর মাধ্যমে ডিক্রিকৃত ট্রাস্ট, যাহা বাংলাদেশ সুপ্রীম কোর্ট এর আপীল বিভাগ কর্তৃক স্বীকৃত ও অনুমোদিত। শ্রীশ্রী সত্যনারায়ণের সেবা মন্দির, ডিঙ্গামানিক, নড়িয়া, শরীয়তপুর, শ্রীশ্রী কৈবল্যধাম বোর্ড অব ট্রাস্টিজ একটি অঙ্গ প্রতিষ্ঠান ও ইউনিট হয়।

উল্লেখ্য যে, শ্রীশ্রী ঠাকুর কৈবল্যনাথ তথা শ্রীশ্রী সত্যনারায়ণের স্মৃতি বিজড়িত প্রায় ৪০০ বৎসরের ঐতিহাসিক স্থাপনা যাহা সামগ্র রাম সম্রাজ্যের কোটি কোটি আশ্রিত, ভক্ত অনুরাগীবৃন্দের পরম পবিত্র তীর্থস্থান যাহা শ্রীশ্রী ঠাকুরের সাধনপীঠ হিসাবে সকল রাম আশ্রিতের নিকট পুজিত এক আধ্যাত্মিক সাধনপীঠরূপে এই যাবতকাল স্থিত ছিল এবং উক্ত সাধনপীঠ নব কলেরবে সংস্কারের জন্য বহু রাম আশ্রিত লক্ষ লক্ষ টাকা অনুদান প্রদান করিয়াছে। পরিচালনা কমিটির সিদ্ধান্ত ছিল যে, উক্ত প্রাগতিহাসিক আধ্যাত্মিক স্থাপনা সংস্কারের মাধ্যমে সংরক্ষণ করা এবং আশ্রিত ও ভক্তগণের শ্রদ্ধা প্রদর্শন, পৌরানিক কীর্তি ও দর্শন সমুন্নত রাখার কার্যকর ব্যবস্থা গ্রহণ করা। কিন্তু আপনি/ আপনারা শ্রীশ্রী কৈবলনাথের বর্তমান মোহন্ত মহারাজ ও শ্রীশ্রী কৈবল্যধাম বোর্ড অব ট্রাস্টীজ এর কোনরূপ কোন অনুমতি ব্যতিরেকে সম্পূর্ণ বিদ্বেষ

# SRI SRI KAIBALYADHAM

শ্রীশ্রী কৈবল্যধাম
পাহাড়তলী, চট্টগ্রাম- ৪২০৭
বাংলাদেশ।



প্রসূতভাবে একক সিদ্ধান্তে কোটি কোটি রাম আশ্রিতের হৃদয়ে রক্তক্ষরণ ঘটিয়ে শ্রীশ্রী ঠাকুরের সাধনপীঠ বুলডোজার দিয়ে ভাংগিয়া ক্ষমার অযোগ্য মহা অপরাধ কার্য করিয়াছেন, যাহা আপনার/আপনাদের মন্দ উদ্দেশ্য, স্বেচ্ছাচারিতা, ঐতিহাসিক ধর্মীয় ও পুরাকীর্তি নষ্টের ফলশ্রুতি স্বরূপ গুরুতর ফৌজদারী অপরাধমূলক কার্য হয়।

এই প্রেক্ষিতে আপনার/আপনাদের এহেন অপরাধমূলক কার্যের জন্য কেন উপযুক্ত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে না তৎ বিষয়ে অত্র কৈফিয়ত তলবপত্র পাওয়ার ১০ (দশ) দিনের মধ্যে ব্যাখ্যা প্রদানের জন্য অত্র ব্যাখ্যাপত্র প্রেরণ করা হইল। আপনার/আপনাদের কৈফিয়ত বোর্ড অব ট্রাস্টীজ এর নিকট সন্তোষজনক প্রতীয়মান না হইলে উক্ত ক্ষেত্রে শ্রীশ্রী কৈবল্যধাম বোর্ড অব ট্রাস্টীজ আপনার/আপনাদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে বাধ্য হইবে।

শ্রীশ্রী কৈবল্যধাম বোর্ড
অব ট্রাস্টীজ পক্ষে-
সম্পাদক